# অভিনয়ের জীবন

অনন্যা ভট্টাচার্য

অভিনয়ে বেঁচে থাকা আমরা,
কবেই যেন একে বাস্তব ভেবে বসে আছি।
হাসির অভিনয়, অশ্রুর অভিনয়,
অভিমান লুকিয়ে ক্ষমার অভিনয়।

প্রতিটি সম্পর্ক একেকটা নাটক,
যেখানে আমরা চরিত্র;
কেউ নায়ক, কেউ খলনায়ক,
কেউ বা দর্শকের আসনে নীরব দর্শন।

প্রেমের অভিনয়; মিষ্টি কথায় মোড়া,
আবার ঘৃণার অভিনয়; নীরব চোখের ইশারায় ভরা।
ভালো থাকার অভিনয়, ভালো রাখার অভিনয়,
যেন প্রতিদিন এক অদৃশ্য মহড়া।

দিন শেষে যখন একা হই,
মুখোশ খোলার সাহস হয় না।
আয়নার সামনে দাঁড়িয়ে
নিজেকেই জিজ্ঞাসা করি;
কে আমি? কোনটা সত্যি, কোনটা অভিনয়?

আমরা রাগ দেখাই, অথচ ভিতরে ভয় লুকাই,
আমরা শক্তির ভান করি, অথচ ভেঙে পড়ি অগোচরে।
হাজারো অনুশীলন শেষে
আমরা একে অপরকে দেখাই শুধু সাজানো দৃশ্য,
যেখানে সত্যি অনুভূতি থাকে
আড়ালে, পর্দার আড়ালে।

স্বপ্নের অভিনয়, আশার অভিনয়,
আত্মবিশ্বাসের অভিনয়, হারের অভিনয়।
শিশু যেমন খেলার ছলে ভূমিকায় মাতে,
আমরাও জীবনের মঞ্চে
এক অভিনয় থেকে আরেক অভিনয়ে ঘুরে বেড়াই।

শেষ অঙ্কে বুঝি,
নাটক যতই দীর্ঘ হোক;
তবু করতালির পর সব আলো নিভে যায়,
এবং তখনই নগ্ন হয়ে ওঠে
সত্যি মুখ, সত্যি হৃদয়।